# ২০/১২/২০১৫ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় অনুষ্ঠিত সোনার বাংলা গড়ার প্রত্যয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সভার কার্যবিবরণী

২০/১২/২০১৫ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সভাপতিত্বে সোনার বাংলা গড়ার প্রত্যয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-"ক" তে সন্নিবেশিত করা হলো।

**২। আলোচনা ও সিদ্ধান্তঃ**

সচিব মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এ বিভাগের উপ-সচিব (প্রশাসন) জাতীয় শুদ্ধাচার কৌশলের ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ এবং কর্মপরিকল্পনা বাস্তবায়ন ইত্যাদি বিষয়ে পাওয়ার পয়েন্টের মাধ্যমে বিস্তারিত উপস্থাপন করেন।

**আলোচনাঃ** পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে জাতীয় শুদ্ধাচার সহ অন্যান্য প্রশিক্ষণের জন্য প্রতি ব্যাচে ২৫ জন প্রশিক্ষণার্থীকে ৫ দিন করে দুইটি ব্যাচে ১০ দিনে ৫০ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ বাজেট প্রস্তুত করে এ বিভাগের প্রশাসন শাখা হতে বাজেট শাখায় প্রেরণ করা হয়েছে। সভায় একটি বাড়ি একটি খামার প্রকল্পের প্রকল্প পরিচালক জানান যে, একটি বাড়ি একটি খামার প্রকল্পের প্রশিক্ষণ ব্যয় হতে জাতীয় শুদ্ধাচার কৌশল এবং গভর্মেন্ট পারফরমেন্স ম্যানেজমেন্ট (GPM) প্রশিক্ষণ ব্যয় মেটানো সম্ভব। সভায় আলোচনার প্রেক্ষিতে এ বিভাগের প্রশাসন অনুবিভাগ হতে প্রশিক্ষণ ব্যয়ের বাজেট একটি বাড়ি একটি খামার প্রকল্পে প্রেরণ করা হলে প্রকল্প পরিচালক প্রশিক্ষণ ব্যয়ের ব্যবস্থা গ্রহণ করবেন।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

**সিদ্ধান্ত সমুহঃ**

**(ক) সিদ্ধান্তঃ** জাতীয় শুদ্ধাচার কৌশলের ছক মোতাবেক বিষয়াবলি যথাযথ ভাবে এ বিভাগের সকল শাখা/অধিশাখাকে অনুসরণ করতে হবে।

**(খ)সিদ্ধান্তঃ** প্রশাসন অনুবিভাগ হতে প্রকল্প পরিচালক, একটি বাড়ি একটি খামার কে পত্র সহ বাজেট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**(গ) সিদ্ধান্তঃ** অগ্রগতি পর্যালোচনার জন্য মন্ত্রণালয় ও দপ্তর সংস্থায় প্রতি ৩ মাস অন্তর অন্তর নৈতিকতা কমিটির সভা আহবান করতে হবে।

**(ঘ) সিদ্ধান্তঃ** এ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের কর্ম পরিকল্পনা ছক অবিলম্বে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

**(ঙ) সিদ্ধান্তঃ** এ বিভাগের দপ্তর/সংস্থাসমূহ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের তথ্য যথাসময়ে এ বিভাগে প্রেরণ করবেন।

**(চ) সিদ্ধান্তঃ** এ বিভাগের কর্মকর্তাদের উত্তম চর্চার জন্য শুদ্ধাচার পদক প্রদানের জন্য ৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। এ কমিটি ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তাদের (গ্রেডভিত্তিক হলে সংশ্লিষ্ট গ্রেডের) মধ্য হতে ২ (দুই) জনকে পুরস্কারের জন্য মনোনীত করবেন। উত্তম চর্চার জন্য শুদ্ধাচার পদক প্রদানের মূল্যায়নের জন্য নম্বর ভিত্তিক একটি ছক তৈরী করতে হবে। দপ্তর/সংস্থা সমূহ অনুরুপ পদ্ধতি অবলম্বন করবে।

**(ছ) সিদ্ধান্তঃ** শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষে এ বিভাগের দপ্তর/সংস্থা সমূহের অভ্যন্তরীন মূল্যায়নের জন্য কমিটি গঠন করতে হবে (ইতিমধ্যে কোন দপ্তর/সংস্থা কমিটি গঠন না করে থাকলে)।

**(জ) সিদ্ধান্তঃ** উপ-সচিব প্রশাসন শাখা-১ এবং যুগ্ম-সচিব প্রশাসন অধিশাখা-২ ও প্রোগ্রামার সম্মিলিত ভাবে (GPM) প্রশিক্ষণ কর্মসূচী ও সংশিষ্ট প্রশিক্ষক এর তালিকা প্রস্তুত করবে।

৩। অতঃপর সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

এম এ কাদের সরকার
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

